



আদেশ নং ৬৯৪(২)

তারিখ: ১১/০৬/২০২২ খ্রি.

বিষয় মালিদহ একতা মৎস্যজীবী সমবায় সমিতি লি: পুনঃকার্যকরকরণ।

সূত্র : সমিতি কর্তৃপক্ষের আবেদন।

মালিদহ একতা মৎস্যজীবী সমবায় সমিতি লি: (নিবন্ধন নং ৩০৬, তারিখ: ২৪/০৬/২০১০ খ্রি.) মোহনপুর, রাজশাহী এর কার্যক্রম দীর্ঘ দিন বন্ধ থাকার বিষয়ে বিগত ২৯/০৫/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত শুনানির প্রেক্ষিতে নিয়োক্ত শর্ত সাপেক্ষে বর্ণিত সমিতিকে পুনরায় কার্যকর সমবায় সমিতির তালিকাভুক্ত করা হলো।

১. সমিতির অফিস ঘরের সামনে সাইনবোর্ড টাঙাতে হবে;
২. অন্তর্বর্তী/নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে সমিতির কার্যক্রম পরিচালনা করতে হবে;
৩. প্রতিমাসে ব্যবস্থাপনা কমিটির সভা আহ্বান করতে হবে;
৪. সদস্যদের নিকট হতে নিয়মিত শেয়ার ও সঞ্চয় আদায় করতে হবে;
৫. সমিতির কার্যক্রম বন্ধ রাখা যাবে না;
৬. প্রতি অর্থবছরে সমিতির হিসাব নিরীক্ষা করাতে হবে এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব বিবরণী/রেকর্ডপত্র নিরীক্ষকের নিকট দাখিল করতে হবে;
৭. নিরীক্ষা সম্পাদনের ৬০ দিনের মধ্যে বার্ষিক সাধারণ সভা করতে হবে;
৮. নিরীক্ষা প্রতিবেদনে উল্লিখিত দোষত্রুটি সংশোধন করে সংশোধনী প্রতিবেদন দাখিল করতে হবে;
৯. ব্যাংকিং কার্যক্রমের অনুরূপ কার্যক্রম এফডিআর বা মেয়াদি আমানত গ্রহণ করা যাবে না;
১০. বিদ্যমান সমবায় সমিতি আইন ও বিধিমালা, উপ-আইন এবং সময়ে সময়ে জারিকৃত পরিপত্র প্রতিপালন করে সমিতির কার্যক্রম পরিচালনা করতে হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ সাইদুর রহমান)

জেলা সমবায় অফিসার, রাজশাহী

অনুলিপি


১। মোঃ ময়েজ উদ্দিন, সভাপতি, মালিদহ একতা মৎস্যজীবী সমবায় সমিতি লি:

মহল্লা: মালিদহ, পোষ্ট: ধামিন নওগাঁ, উপজেলা: মোহনপুর, রাজশাহী।

(উল্লিখিত শর্ত প্রতিপালন করে সমিতির কার্যক্রম পরিচালনা করার জন্য তাকে বলা হলো।)

২। উপজেলা সমবায় অফিসার, মোহনপুর, রাজশাহী।

(সমিতি উল্লিখিত শর্ত প্রতিপালন করে সমিতির কার্যক্রম পরিচালনা করছে কিনা তার প্রতিপালন প্রতিবেদন আগামী ৩ মাসের মধ্যে দাখিল করার জন্য তাকে বলা হলো।)


জেলা সমবায় অফিসার

রাজশাহী

ফোন নং: ০২৫৮৮৮৫০২৫৪

ই-মেইল: dco_rajshahi1@yahoo.com